

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ
হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০২.০০৯.১৭.৭৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪

০২ নভেম্বর ২০১৭

বিষয়: হাজী হযরত আলী চৌবিলা দাখিল মাদরাসার এবতেদায়ি ক্বারী পদে নিয়োগ প্রাপ্ত জনাব ফাতেমা খাতুন এর এমপিওভুক্তি বিষয়ে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা/মতামত প্রেরণ প্রসঙ্গে

সূত্র: জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ এর স্মারক নং জেশিঅ/সিরাজ/২০১৭/১৭০৯, তারিখ: ২৪/১০/২০১৭খ্রি.
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, শিরোনামে বর্ণিত একজন শিক্ষকের এমপিওভুক্তি বিষয়ে মহোদয় কর্তৃক অত্র দপ্তরের নির্দেশনা/ মতামতের জন্য পত্র প্রদান করা হয়েছে।

০২। মতামত যে শিক্ষকের জন্য চাওয়া হয়েছে, উক্ত শিক্ষকের এমপিওভুক্তির ক্ষেত্রে জটিলতা সৃষ্টির কারণ হচ্ছে ১৫ কোডে উক্ত মাদরাসায় ০৪ (চার) জন শিক্ষক এমপিওভুক্তিসহ কর্মরত আছেন।

০৩। এমপিও নির্দেশিকা ও জনবল কাঠামো অনুযায়ী একটি দাখিল মাদরাসায় ০৪ (চার) জনের বেশী ১৫ কোডে বেতনধারী শিক্ষক-এর প্রাপ্যতা নেই।

০৪। অপরদিকে উক্ত মাদরাসার শিক্ষক তালিকা (এমপিও শিট ও অন্যান্য কাগজপত্র) অনুযায়ী একজন ক্বারী শিক্ষকের পদ শূন্য আছে। ফলে এনটিআরসিএতে চাহিদা প্রদান করে একজন এবতেদায়ি ক্বারী শিক্ষক নিয়োগ করা হয়েছে, যার নাম জনাব ফাতেমা খাতুন।

০৫। জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রেরিত সংযুক্ত প্রমাণাদি থেকে প্রতীয়মান হয় যে, ১৫ কোডে বেতনধারী উক্ত ০৪ (চার) জন শিক্ষকের মধ্যে একজন (জনাব আবু হাসান জমাদ্দার, ইনডেক্স নং ০৮৪৭১৪) মূলতঃ দাখিল স্তরের সহকারি শিক্ষক (গণিত), কিন্তু প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার অভাবে নিম্ন কোডে (১৫ কোড) বেতন পাচ্ছেন অর্থাৎ জনাব আবু হাসান জমাদ্দার (ইনডেক্স নং ০৮৪৭১৪) প্রকৃতপক্ষে ১৫ কোডের বেতনধারী শিক্ষক নন। কিন্তু যথাযথ শিক্ষাগত যোগ্যতা না থাকায় প্রকৃত প্রাপ্য কোডের চেয়ে নিচের কোডে বেতন পাচ্ছেন।

০৬। উক্ত শিক্ষক (জনাব আবু হাসান জমাদ্দার) এর শিক্ষাগত যোগ্যতা নিয়োগ প্রাপ্ত পদ এবং পাঠদানের বিষয় এবতেদায়ি ক্বারী পদের সাথে সংগতিপূর্ণ নয়, বিধায় উক্ত শিক্ষক হিসেবে তাঁকে (জনাব আবু হাসান জমাদ্দার)-কে জুনিয়র পদে বিশেষতঃ এবতেদায়ি ক্বারী পদে সমন্বয় হওয়ার সুযোগ আছে মর্মে দাখিলকৃত প্রমাণাদি থেকে প্রতীয়মান হয়।

০৭। জনবল কাঠামো ও এমপিও নির্দেশিকা ২০১০ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ৯ (ii) মোতাবেক জনাব আবু হাসান জমাদ্দার এবতেদায়ি ক্বারী পদে সমন্বয়যোগ্য নন, বিধায় জনাব ফাতেমা খাতুন-এর এবতেদায়ি ক্বারী পদে এমপিওভুক্তিতে বাধা নেই অর্থাৎ এমপিওভুক্তি হতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

০৮। এমতাবস্থায় এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপরিউক্ত মতামত প্রেরণ করা হলো।

২-১১-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক

জেলা শিক্ষা কর্মকর্তা

জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০২.০০৯.১৭.৭৫/১(৩)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪

০২ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) সুপার, হাজী হযরত আলী চৌবিলা দাখিল মাদরাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ

৩) সহকারী পরিচালক, সিরাজগঞ্জ